দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 13 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

232

রেট ৬০ হাজার হইতে ১ লক্ষ টাকা

# ডোনেশনে কলেজ শিক্ষকের চাকুরী !

রাজশাহী অফিস ।। ডোনেশন দিয়া এখন বেসরকারী কলেজের শিক্ষকের চাকুরী মিলিতেছে। ডোনেশন দুই রকম। এমপিওভুক্ত কলেজের রেট বেশী। কমপক্ষে এক

(৫ম পৃঃ দ্রঃ)

## ডোনেশনে কলেজ

(৩য় পৃঃ পর)

লক্ষ টাকা। আর যে কলেজ এমপিওভুক্ত হয় নাই অথচ হইবে হইবে করিতেছে তাহার রেট ৬০ হাজার হইতে ৮০ হাজার টাকা।

এই ডোনেশন প্রথা বেশ চলিতেছে। কেহ কেহ বিবাহের যৌতুক গ্রহণ করিয়া টাকা জোটাইয়া ডোনেশন দিয়া চাকুরী বাগাইতেছে।

ডোনেশন প্রথা চালু হইয়াছে শুধু রাজশাহী জেলায় নয় দেশের সর্বত্র। কাগজে এই বিষয় লইয়া আলোচনা হইলেও প্রতিবিধানের ব্যবস্থা নেওয়া হইতেছে না।

সরকার এমপিওভুক্ত কলেজগুলির বেতনের শতকরা আশি ভাগ বহন করিতেছেন। আজ পর্যন্ত বেসরকারী কলেজগুলির নিয়োগের বিধিমালা স্পষ্টভাবে প্রণয়ন করা হয় নাই। বর্তমান ব্যবস্থায় নিয়োগের সময় সংশ্লিষ্ট বিষয়ের একজন সরকারী কলেজের শিক্ষক প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা হয়। অধিকাংশ ক্ষেত্রে তাহাকে সংখ্যাগরিষ্ঠের সঙ্গে মত মিলাইতে হয়। কোন কোন কলেজে আগে হইতে নিয়োগপত্র দিয়া তাহার নিয়োগ বৈধ করা হয়। এরকম ক্ষেত্রেও সরকারী কলেজের শিক্ষক প্রতিনিধির করার কিছুই থাকে না।